Prepp
Your Personal Exams Guide

# UGC NET PAPER 2 JANUARY 22, 2017 SHIFT 1 BENGALI QUESTION PAPER

**Note :** This paper contains **fifty (50)** objective type questions of **two (02)** marks each. **All** questions are compulsory.

**নির্দেশ :** এই প্রশ্নপত্রে **পঞ্চাশ (50)** টি বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে । প্রতি প্রশ্নের মান **দুই (2)** । সব প্রশ্নের উত্তর দিতে হবে ।

**1.** প্রথম তালিকায় প্রদত্ত পদকর্তার নামের সঙ্গে দ্বিতীয় তালিকায় উপস্থাপিত পদের প্রথম চরণের সামঞ্জস্য বিধান করে সংকেত-সূত্র থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা |
|---|---|---|---|
| a. | গোবিন্দদাস | i. | কষিল কাঞ্চনমণি গৌর কলেবর |
| b. | বিদ্যাপতি | ii. | আএল পাউস নিবিড় অন্ধার |
| c. | জ্ঞানদাস | iii. | পিয়া গেল দূরদেশে হাম অভাগিনী |
| d. | চণ্ডীদাস | iv. | যাহাঁ দরশনে তনু পুলকহি ভরই |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | iii | i | ii |
| (2) | iii | iv | i | ii |
| (3) | iv | ii | i | iii |
| (4) | ii | iii | iv | i |

**2.** ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের তথ্যানুসারে রাজা কৃষ্ণচন্দ্রের রাজ্যের পূর্বসীমা ছিল :

(1) ধূল্যাপুর বড় গঙ্গা পার
(2) ভাগীরথীর খাদ
(3) দামোদর নদ
(4) গঙ্গাসাগরের ধার

**3.** হেথায় কুমেরু-শৈল ছাড়িয়া বাসব,
ইন্দ্রায়ুধ অস্ত্রাদিতে হয়ে সুসজ্জিত –
চলিলা কৈলাস ধামে নিয়তি আদেশে,
নিত্য বিরাজিত যেথা উমা উমাপতি ।

- বৃত্রসংহার কাব্যে যে সর্গের এই ঘটনা, সেটি হল :

(1) অষ্টম সর্গ
(2) নবম সর্গ
(3) দশম সর্গ
(4) একাদশ সর্গ

Prepp
Your Personal Exams Guide

4. 'কালান্তর' গ্রন্থের 'সমস্যা' প্রবন্ধ অবলম্বনে নীচের মন্তব্যগুলির শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্বাচন করুন :

a. মালাবারের রাজা অবুদ্ধিকে রাজাসন ছেড়ে দিয়েছিলেন ।

b. আমাদের লড়াই বুদ্ধির সঙ্গে, আমাদের লড়াই বাস্তবের সঙ্গে ।

c. আমাদের আর একটি অপ্রধান সমস্যা হিন্দু-মুসলমান সমস্যা ।

d. ভেদের দুঃখ থেকে, ভেদের অকল্যাণ থেকে মুক্তিই হচ্ছে মুক্তি ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

5. 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধ অবলম্বনে প্রথম তালিকার পরিচ্ছেদের সংখ্যার সঙ্গে দ্বিতীয় তালিকার পরিচ্ছেদ-নামের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. প্রথম পরিচ্ছেদ | i. আইন |
| b. দ্বিতীয় পরিচ্ছেদ | ii. প্রাকৃতিক নিয়ম |
| c. তৃতীয় পরিচ্ছেদ | iii. জমিদার |
| d. চতুর্থ পরিচ্ছেদ | iv. দেশের শ্রীবৃদ্ধি |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | iii | ii | iv |
| (2) | iii | ii | iv | i |
| (3) | iv | iii | ii | i |
| (4) | ii | i | iii | iv |

Prepp
Your Personal Exams Guide

6. ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাস অবলম্বনে প্রদত্ত মন্তব্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. রাসু ময়না দ্বীপ থেকে নোয়াখালিতে পালিয়ে গিয়েছিল ।

b. রাসুর মামা পীতম মাঝির বয়স ঊনআশি ।

c. ধনঞ্জয়ের সন্তানের নাম বুতি ।

d. কুবেরের কোঁচটির দাম ছিল ছয় আনা ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

7. পরশুরামের ‘গা-মানুষ জাতির কথা’ গল্প থেকে কয়েকটি চরিত্র এবং তাদের পরিচয় পাশাপাশি দুটি তালিকায় দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | অবলদাস জী | i. | কর্মযোগী |
| b. | ধর্মদাস জী | ii. | দর্শন বিজ্ঞান শাস্ত্রী |
| c. | সত্যকাম জী | iii. | পরাধীন দেশের জন নেতা |
| d. | বোম বজ্র | iv. | পণ্ডিত |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | iii | ii | iv |
| (2) | iii | iv | i | ii |
| (3) | ii | iii | iv | i |
| (4) | iii | i | iv | ii |

Prepp
Your Personal Exams Guide

8. নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'দুঃশাসন' গল্প থেকে কয়েকটি উক্তি এবং বক্তাদের নাম পাশাপাশি দুটি তালিকায় দেওয়া হল । তালিকাদুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. পাঁচ পয়সার গাঁজাতেই শিব তুষ্ট থাকেন | i. দেবী দাস |
| b. দুঃশাসনের রক্তপান লাগিয়ে দিলাম | ii. কানাই দে |
| c. ও ব্যাটাদের কাছ থেকে এক পয়সাও তো আর বেশী নেবার উপায় নেই | iii. গৌরদাস |
| d. ওকে অন্তত একখানা | iv. শচীকান্ত |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | iii | iv | ii |
| (2) | ii | iv | i | iii |
| (3) | iv | ii | iii | i |
| (4) | iii | i | ii | iv |

9. 'গৈরিক পতাকা' নাটক থেকে প্রথম তালিকার চরিত্র নামের সঙ্গে দ্বিতীয় তালিকার উক্তির সামঞ্জস্য বিধান করে সংকেত অবলম্বনে শুদ্ধ উত্তরটি নির্বাচন করুন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. চন্দ্ররাও | i. সিংহের গহ্বরে মাথা ঢুকিয়েছে, এখন প্রাণ নিয়ে ফিরতে পারলে হয় । |
| b. ঘোড়পুরে | ii. আমাদের অবসর নেই । |
| c. শায়েস্তা খাঁ | iii. শিবাজী যেমন স্বার্থপর তেমনই চতুর । |
| d. শিবাজী | iv. কঠোর জীবন যাপনে দাস অভ্যস্ত । |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iii | iv | i | ii |
| (2) | iii | i | iv | ii |
| (3) | iii | ii | iv | i |
| (4) | iii | i | ii | iv |

Prepp
Your Personal Exams Guide

10. নীচে প্রেমেন্দ্র মিত্রের 'কুয়াশায়' গল্প থেকে কয়েকটি উক্তি এবং কয়েকজন বক্তার নাম পাশাপাশি দুটি তালিকায় দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. "ও কি কুটনো হচ্ছে, না গরুর জাবনা কাটছ বাছা ?" | i. মোক্ষদা |
| b. "তোর আক্কেল অমনিই বটে" ! | ii. নলিনী |
| c. "বুড়ো হয়ে তোমার ভীমরতি হয়েছে, না ! কিরকম আক্কেলটা তোমার বলো দেখি" ? | iii. ক্ষ্যান্ত পিসি |
| d. বাপের তত্ত্ব এলে তা আমায় ডাকবে কেন ? | iv. সরমা |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iii | iv | i |
| (2) | iii | i | ii | iv |
| (3) | iv | ii | iii | i |
| (4) | i | iv | ii | iii |

11. পরশুরামের 'হনুমানের স্বপ্ন', 'কচিসংসদ', 'ভুশণ্ডীর মাঠে' এবং 'গা-মানুষ জাতির কথা' গল্প অবলম্বনে চারটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. চিলিম্পার পিতার প্লবংগম কিষ্কিন্ধ্যা দেশের রাজা ছিলেন ।

b. পেলব রায় কলিকাতায় থাকতে কোকিলের ডিমের সঙ্গে মকরধ্বজ খেত ।

c. গা-মানুষ জাতির ত্রিশ বৎসর আমাদের আঠারো হাজার বৎসরের সমান ।

d. শিবু হোটেল ডি-অর্থোডক্সে আধসের দই এবং আধসের অমৃতি খেয়েছিল ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

Prepp Your Personal Exam Guide

www.prepp.in

12. 'একজন লোকেরই ভিন্ন ভিন্ন লোকের কাছে ভিন্ন ভিন্ন রূপ ।' 'চেনামহল' উপন্যাসে যাঁর সম্পর্কে একথা বলা হয়েছে, তিনি হলেন :

(1) অরুণ (2) বিজু

(3) করবী (4) বৈদ্যনাথ

13. 'ডানা' উপন্যাস থেকে প্রথম তালিকায় কয়েকটি চরিত্র এবং দ্বিতীয় তালিকায় তাঁদের পরিচয় দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | বিশ্বপতি | i. | ধনী শ্বশুরের একমাত্র জামাই |
| b. | রূপচাঁদ | ii. | সন্ন্যাসী |
| c. | আনন্দমোহন | iii. | স্থির মস্তিষ্ক বস্তুতান্ত্রিক |
| d. | অমরেশ গুপ্ত | iv. | অবিরাম গুঞ্জরিত ভাব |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iii | i | ii | iv |
| (2) | ii | iii | iv | i |
| (3) | iv | ii | iii | i |
| (4) | ii | iii | i | iv |

14. প্রথম তালিকায় প্রদত্ত 'মেঘনাদবধ কাব্য' - এর সর্গ নামের সঙ্গে দ্বিতীয় তালিকার ঘটনার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্বাচন করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | প্রথম সর্গ | i. | রামকে চিত্ররথের অস্ত্রপ্রদান । |
| b. | দ্বিতীয় সর্গ | ii. | মধুসূদন কৃত প্রাচীন কবিদের বন্দনা । |
| c. | তৃতীয় সর্গ | iii. | কল্পনা দেবীর বন্দনা । |
| d. | চতুর্থ সর্গ | iv. | পতি-বিরহে কাতর প্রমীলা । |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iii | i | iv | ii |
| (2) | iii | iv | i | ii |
| (3) | ii | iii | iv | i |
| (4) | ii | iv | iii | i |

Prepp
Your Personal Exams Guide

15. প্রকাশের ক্রম অনুসারে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

(1) নতুন ইহুদী ⟶ সীতা ⟶ গৈরিক পতাকা ⟶ দেবীগর্জন

(2) সীতা ⟶ গৈরিকপতাকা ⟶ নতুন ইহুদী ⟶ দেবীগর্জন

(3) গৈরিক পতাকা ⟶ নতুন ইহুদী ⟶ সীতা ⟶ দেবীগর্জন

(4) সীতা ⟶ দেবীগর্জন ⟶ নতুন ইহুদী ⟶ গৈরিক পতাকা

16. বিভূতিভূষণের 'ইছামতী' উপন্যাস সম্পর্কে শুদ্ধ-অশুদ্ধ কয়েকটি মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. 'ইছামতী' পুস্তক-আকারে প্রথম প্রকাশিত হয় 1950 খ্রিস্টাব্দে ।

b. 'ইছামতী' উৎসর্গ করা হয় রমা বন্দ্যোপাধ্যায়কে ।

c. 'ইছামতী' "ভারতবর্ষ" পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয় ।

d. বিভূতিভূষণ মৃত্যুর এক বছর আগে 'ইছামতী'-র জন্য রবীন্দ্র পুরস্কার পান ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

17. 'বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব' অনুসারে নীচে প্রদত্ত মন্তব্য ও যুক্তির মধ্যে শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্বাচন করুন :

**মন্তব্য** : কলিযুগে পরাশর সংহিতা ও বৃহন্নারদীয় পুরাণের বিধি-নিষেধ মান্যতা পাবে ।

**যুক্তি** : কারণ এই দুটি গ্রন্থই কলিযুগের অন্যতম পুরাণ ।

সংকেত :

(1) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(3) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(4) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

Prepp
Your Personal Exams Guide

18. 'কৃষ্ণকুমারী' নাটক অবলম্বনে প্রথম তালিকায় চরিত্রের নাম এবং দ্বিতীয় তালিকায় উক্তি দেওয়া হল। দুটি তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | ভীমসিংহ | i. | কাঠের বিড়াল হৌক না কেন, ইঁদুর ধরতে পাল্যেই হয়। |
| b. | মদনিকা | ii. | মাছ ভায়া টোপটি তো গিলেছেন। |
| c. | সত্যদাস | iii. | তরবার চিরকাল কোষে আবদ্ধ থাকলে মলিন ও কলঙ্কিত হয়। |
| d. | ধনদাস | iv. | যিনি নরপতি, তিনি প্রজাগণের পিতা স্বরূপ। |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iv | iii | i |
| (2) | ii | iii | i | iv |
| (3) | iii | i | iv | ii |
| (4) | iii | ii | i | iv |

19. নীচের তালিকা দুটিতে বুদ্ধদেব বসুর 'কালের পুতুল' বই থেকে কয়েকটি মন্তব্য এবং যাঁদের সম্পর্কে মন্তব্য করা হয়েছে তাঁদের নাম প্রদত্ত হল। তালিকা দুটির মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত অবলম্বনে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | আসক্তি তাঁর দুর্মর, বিরহ তাঁর নরক, প্রশান্তি তাঁর মৃত্যু। | i. | সুধীন্দ্রনাথ দত্ত |
| b. | তাঁর ভাষা ব্যবহার প্রথম থেকেই অভিনব ও চিত্তহারী। | ii. | সুভাষ মুখোপাধ্যায় |
| c. | তিনি বোধহয় প্রথম বাঙালি কবি যিনি প্রেমের কবিতা লিখে কাব্যজীবন আরম্ভ করলেন না। | iii. | সমর সেন |
| d. | তিনি.... বাংলা কাব্যকে দিগন্ত বিহারিনী করবেন ঢেউয়ের আঘাতে আর ঝড়ের ঝাপটায়। | iv. | অমিয় চক্রবর্তী |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | iv | ii | iii |
| (2) | i | iii | iv | ii |
| (3) | iv | iii | ii | i |
| (4) | ii | i | iv | iii |

Prepp
Your Personal Exams Guide

20. ‘মানুষের ভাগ্যদেবতার রসবোধ আছে ।’

– যে গল্পে রবীন্দ্রনাথ এ মন্তব্য করেছেন সেটি হল :

(1) হালদার গোষ্ঠী (2) রবিবার

(3) নষ্টনীড় (4) একরাত্রি

21. নীচে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি দেওয়া হল । সংকেত থেকে শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য** : হোমার তাঁর ‘ইলিয়াদ’ – এর কাহিনিকে সরল করলেও বিপর্যয়ের মধ্যে তার সমাপ্তি ঘটিয়েছেন ।

**যুক্তি** : কেননা তিনি জানতেন ট্রাজেডির মতো মহাকাব্য ও হতে পারে সরল অথচ বিপর্যয়ের কাহিনি ।

**সংকেত** :

(1) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(3) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(4) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

22. নীচে বনফুলের ‘বুধনী’ গল্পের সম্বন্ধে একটি মন্তব্য ও তার সমর্থনে একটি যুক্তি দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

**মন্তব্য** : ‘বুধনী’ গল্পের বিল্টুর চরিত্রে আছে নারীর প্রতি আদিম প্রবৃত্তিগত প্রবল আকর্ষণ ।

**যুক্তি** : যে কারণে সন্তানকে হত্যা করতেও তার হাত কাঁপেনি ।

**সংকেত** :

(1) মন্তব্য শুদ্ধ যুক্তি অশুদ্ধ

(2) মন্তব্য অশুদ্ধ যুক্তি শুদ্ধ

(3) মন্তব্য ও যুক্তি দুই শুদ্ধ

(4) মন্তব্য ও যুক্তি দুই অশুদ্ধ

23. আরিস্টটলের 'কাব্যতত্ত্ব' অনুসরণে নীচে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি দেওয়া হয়েছে । প্রদত্ত সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

**মন্তব্য** : কাব্য ইতিহাসের চেয়ে বেশি দার্শনিক এবং বেশি গভীর ।

**যুক্তি** : কারণ কাব্য বলে যা ঘটেছে তার কথা; আর যা ঘটেছে তা অবশ্যই বিশ্বাসযোগ্য ।

**সংকেত** :

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(3) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(4) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

24. ধ্বন্যালোক গ্রন্থ থেকে কয়েকটি শুদ্ধ ও অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

a. কাব্যের যে গুণ থাকলে সকল রস স্পষ্ট হয়ে প্রকাশিত হয় তার নাম ওজঃ ।

b. বাচকত্ব হচ্ছে শব্দের বৈশিষ্ট্যের নৈসর্গিক, অবিচল, নিয়ত আত্মা ।

c. শুদ্ধ বাচ্য অর্থেরও অবস্থা-দেশ-কালাদি বৈশিষ্ট্যের দ্বারা স্বভাবত অনন্ততা হয়ে থাকে ।

d. রসানুযায়ী হলে কবির রচিত গুণীভূত ব্যঙ্গলক্ষণযুক্ত কাব্যও রসাঙ্গতা লাভ করে ।

**সংকেত** :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

Prepp
Your Personal Exams Guide

25. ‘বাঙালী জীবনে রমনী’ গ্রন্থে নীরদচন্দ্র বিশেষভাবে কয়েকটি বাংলা উপন্যাসে চিত্রিত প্রেমের বৈশিষ্ট্য সম্বন্ধে মন্তব্য করেছেন । নীচের দুটি তালিকায় তাঁর মন্তব্য এবং উপন্যাসের নাম দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | ভালবাসার অপরাজেয় নিষ্ঠুর ও যন্ত্রনাদায়ক শক্তি | i. | নৌকাডুবি |
| b. | প্রেমের দুর্নিবার শক্তির অনুভূতি | ii. | আনন্দমঠ |
| c. | প্রেমের উত্তররাগ | iii. | মৃণালিনী |
| d. | রূপোন্মাদের ভয়াবহ রূপ | iv. | সীতারাম |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | ii | iv | iii |
| (2) | iv | iii | i | ii |
| (3) | ii | iv | iii | i |
| (4) | i | iii | ii | iv |

26. ‘পুত্র দিয়ে স্বামীর কোলে / একগলা গঙ্গাজলে’ – মরণ কামনা আছে যে ব্রতে :

(1) তোষলা
(2) হরিচরণ
(3) সেঁজুতি
(4) লক্ষ্মীনারায়ণ

27. ‘জাদুকরী সৌন্দর্যের দেশ তোমাদের’ – ‘নদীপথে’ গ্রন্থে উদ্ধৃত একথাটি আসাম প্রদেশ সম্বন্ধে বলেছিলেন :

(1) রবীন্দ্রনাথ ঠাকুর
(2) সরোজিনী নাইডু
(3) মহাত্মা গান্ধী
(4) লর্ড কার্জন

Prepp
Your Personal Exams Guide

28. প্রথম তালিকায় প্রমথ চৌধুরীর প্রবন্ধের নাম এবং দ্বিতীয় তালিকায় রচনাকাল দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. জয়দেব | i. ভাদ্র 1337 |
| b. বস্তুতন্ত্রতা বস্তু কি | ii. মাঘ 1321 |
| c. সাহিত্যে খেলা | iii. জ্যৈষ্ঠ 1297 |
| d. হর্ষচরিত | iv. শ্রাবণ 1322 |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | iii | iv | ii |
| (2) | iii | ii | iv | i |
| (3) | iii | i | ii | iv |
| (4) | ii | iv | iii | i |

29. প্রথম তালিকায় 'দেবীগর্জন' নাটক থেকে কয়েকটি প্রসঙ্গ এবং দ্বিতীয় তালিকায় অঙ্ক ও দৃশ্যের নাম দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. রত্না-মংলার শেষ কথোপকথন | i. দ্বিতীয় অঙ্ক তৃতীয় দৃশ্য |
| b. প্রভঞ্জন-রত্নার সংক্ষিপ্ত দৃশ্য | ii. প্রথম অঙ্ক পঞ্চম দৃশ্য |
| c. টাণ্ডি তোলার দৃশ্য | iii. দ্বিতীয় অঙ্ক দ্বিতীয় দৃশ্য |
| d. প্রথম বাঘ দেখার প্রসঙ্গ | iv. দ্বিতীয় অঙ্ক চতুর্থ দৃশ্য |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | iii | i | ii |
| (2) | ii | iii | iv | i |
| (3) | iii | iv | ii | i |
| (4) | i | ii | iv | iii |

30. 'সংস্কৃতি শিল্প ইতিহাস' গ্রন্থ থেকে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল। প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

a. 'শ্রী' শব্দের প্রধান ও প্রাচীনতম অর্থ হল পঞ্চেন্দ্রিয়ের কাছে যা দ্যুতিমান সৌন্দর্য তাই।

b. ইউরোপীয় technique নিয়ে যে বাঙালি শিল্পী কাজ করেছেন তাঁদের মধ্যে অন্যতম হলেন অতুলচন্দ্র বসু।

c. অবনীন্দ্রনাথের শিষ্যবর্গের মধ্যে যাঁকে 'সিদ্ধ-শিল্পী' বলা হয়েছে তিনি হলেন যামিনীরঞ্জন রায়।

d. বাঙালির গ্রাম-শিল্প এবং লোক-শিল্পের প্রতি প্রথম দৃষ্টি পড়ে অবনীন্দ্রনাথ ঠাকুরের।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

31. 'সজল জলদরুচি জিণি দেহকান্তী'

'শ্রী কৃষ্ণকীর্তন' থেকে উদ্ধৃত চরণটিতে যে অলংকার ব্যবহৃত হয়েছে সেটি হল :

(1) নিশ্চয়

(2) রূপক

(3) প্রতীয়মানোৎপ্রেক্ষা

(4) ব্যতিরেক

32. সংকেত থেকে নীচে প্রদত্ত কাশীদাসী মহাভারতের আদিপর্বের ঘটনাগুলির যথাযথ ক্রমনির্দেশ করুন :

a. অর্জুনের সঙ্গে সুভদ্রার বিবাহ ।

b. দ্রুপদের ভবনে পাণ্ডবদের আহ্বান ।

c. পরাশরের রাক্ষস যজ্ঞ ।

d. মন্দপাল ঋষির কাহিনি ।

সংকেত :

(1) $a \rightarrow b \rightarrow d \rightarrow c$

(2) $b \rightarrow d \rightarrow a \rightarrow c$

(3) $c \rightarrow b \rightarrow a \rightarrow d$

(4) $d \rightarrow a \rightarrow c \rightarrow b$

33. মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয় অবলম্বনে প্রথম তালিকায় কয়েকজন অসুরের নাম এবং দ্বিতীয় তালিকায় কৃষ্ণহত্যাকল্পে তাদের ধারণ করা রূপের উল্লেখ করা হল । দুটি তালিকার সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. তৃণাবর্ত অসুর | i. অজগর রূপ |
| b. অঘাসুর | ii. বৃষরূপ |
| c. প্রলম্বাসুর | iii. ব্যাঘ্ররূপ |
| d. অরিষ্ট | iv. মায়ারূপ |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | iv | ii | iii |
| (2) | ii | iii | iv | i |
| (3) | iv | ii | iii | i |
| (4) | iii | i | iv | ii |

Prepp
Your Personal Exams Guide

34. প্রথম তালিকার পদকর্তাদের নামের সঙ্গে দ্বিতীয় তালিকায় প্রদত্ত চর্যাগীতির ছত্র বা ছত্রাংশের স্রষ্টাদের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | সরহপা | i. | ধমন চমন বেণি |
| b. | কাহ্নপা | ii. | জীবন্ত মইলেঁ নাহি বিশেষে |
| c. | লুইপা | iii. | জামে কাম কি কামে জাম |
| d. | ভুসুকুপা | iv. | আলিএ কালিএ বাট |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iii | iv | i | ii |
| (2) | ii | i | iv | iii |
| (3) | i | iv | iii | ii |
| (4) | iv | iii | ii | i |

35. কৃত্তিবাসী রামায়ণ অনুসারে প্রথম তালিকায় প্রদত্ত ঘটনাগুলি দ্বিতীয় তালিকার যে কাণ্ডে ঘটেছে তার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | ত্রিজটার দুঃস্বপ্ন | i. | কিষ্কিন্ধ্যাকাণ্ড |
| b. | দুন্দভি বধ | ii. | সুন্দরা কাণ্ড |
| c. | রাবণের হাতে বাসুকির পরাজয় | iii. | লঙ্কা কাণ্ড |
| d. | হর পার্বতীর কলহ | iv. | উত্তরা কাণ্ড |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iv | iii | i |
| (2) | ii | i | iv | iii |
| (3) | iii | ii | i | iv |
| (4) | i | iii | ii | iv |

Prepp Your Personal Exam Guide

Prepp
Your Personal Exams Guide

36. নীচে পাশাপাশি দুটি তালিকায় বৃন্দাবন দাসের চৈতন্য ভাগবত থেকে প্রদত্ত উক্তি এবং বক্তার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. মোরে সংহারিতে সে আইলা মোর ঘর | i. শুক্লাম্বর ব্রহ্মচারী |
| b. মোরে প্রভু নিরন্তর লওয়াও কুমতি | ii. শ্রীধর |
| c. ভিক্ষুক অধম মুঞি পাপিষ্ঠ গর্হিত | iii. সার্বভৌম |
| d. তোমারে যে মুঞি পাপী শিখাইনু ধর্ম | iv. অদ্বৈত মহাপ্রভু |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iii | iv | i | ii |
| (2) | ii | iv | i | iii |
| (3) | i | iii | iv | ii |
| (4) | iv | i | iii | ii |

37. 'হে পূষন, সংহরণ করিয়াছ তব রশ্মিজাল
এবার প্রকাশ করো তোমার কল্যাণতম রূপ,'
দেখি তারে যে পুরুষ তোমার আমার মাঝে এক ।
– 'প্রান্তিক' কাব্যের নয় সংখ্যক কবিতার এই ছত্রগুলিতে যে উপনিষদের প্রত্যক্ষ প্রভাব আছে সেটি হল :

(1) কঠোপনিষদ
(2) কেনোপনিষদ
(3) ছন্দোগ্যোপনিষদ
(4) ঈশোপনিষদ

38. নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. বাংলা সর্বনামে লিঙ্গভেদ নেই ।
b. আধুনিক বাংলায় শুধু অনির্দিষ্ট কর্তা বোঝাতে 'তে' বিভক্তির ব্যবহার হয় ।
c. বাংলায় বিশুদ্ধ সংখ্যা শব্দ কখনো কখনো বিশেষ্য ।
d. আধুনিক বাংলায় বিশেষ্যের সঙ্গে 'খানা'র প্রয়োগ নির্দেশক প্রত্যয় বোঝায় ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

39. 'গোরা' উপন্যাস অবলম্বনে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. কৃষ্ণদয়ালের তেইশ বৎসর বয়সে তাঁর প্রথম স্ত্রীর মৃত্যু হয় ।

b. বেদান্তচর্চার জন্য কৃষ্ণদয়াল হরচন্দ্র বিদ্যাবাগীশকে নিযুক্ত করেছিলেন ।

c. গোরা মহিমকে 'হরিশ মুখুজ্জে দি সেকেণ্ড' বলত ।

d. বিনয় 'হিন্দুয়িজম' নাম দিয়ে ইংরেজিতে বই লিখতে লাগল ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

40. রবীন্দ্রনাথের 'রক্তকরবী' নাটক থেকে কয়েকটি সংলাপ এবং চরিত্রের নাম পাশাপাশি দুটি তালিকায় দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. একদিন তোর জন্য প্রাণদেব নন্দিনী | i. বিশু |
| b. তুমি যে সোনা সে তো ধুলোর নয়, সে যে আলোর । | ii. কিশোর |
| c. দেখে মনে হচ্ছে তুমি রাঙা আলোর মশাল । | iii. অধ্যাপক |
| d. তুমি আমার সমুদ্রের অগম পারের দূতী | iv. গোকুল |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | i | iii | iv |
| (2) | iv | iii | ii | i |
| (3) | iii | ii | i | iv |
| (4) | ii | iii | iv | i |

Prepp
Your Personal Exams Guide

41. নীচে প্রথম তালিকায় ধ্বনিপরিবর্তনের চারটি পরিভাষা এবং দ্বিতীয় তালিকায় এগুলোর উদাহরণ দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | বিষমচ্ছেদ | i. | আনারস |
| b. | জোড়কলম শব্দ | ii. | দিবাকর |
| c. | সাদৃশ্য | iii. | ধোঁয়াশা |
| d. | মিশ্রণ | iv. | নিধুবন |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iv | iii | i |
| (2) | iii | ii | i | iv |
| (3) | i | iv | ii | iii |
| (4) | iv | iii | ii | i |

42. নীচের মন্তব্যগুলির শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. পুরোনো পুথিতে বাংলা লিপি একই মাত্রায় টানা অক্ষরে সাজিয়ে যাওয়া হত ।

b. নবম-দশম শতাব্দীতে প্রত্ন বাংলা লিপির জন্ম ।

c. কুটিল লিপি থেকে বাংলা লিপির উদ্ভব হয়নি ।

d. একাদশ শতাব্দীর বিজয়সেনের দেওপাড়া লিপির বাইশটি বর্ণের সঙ্গে একালের বাংলা লিপির হুবহু সাদৃশ্য আছে ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

Prepp Your Personal Exam Guide

43. মধ্য ভারতীয় আর্য থেকে প্রথম তালিকায় প্রদত্ত তৎসম শব্দের প্রাকৃত রূপ এবং দ্বিতীয় তালিকায় প্রদত্ত প্রাকৃত উপভাষার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | রাজেশ্বর > রাতীসর | i. | মাহারাষ্ট্রী |
| b. | ভগবতী > ফকবতী | ii. | অর্ধমাগধী |
| c. | ললাট > ণডাল | iii. | পৈশাচী |
| d. | পিচ্ছিল > পিশ্চিল | iv. | মাগধী |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iii | i | iv |
| (2) | iv | iii | ii | i |
| (3) | iii | ii | iv | i |
| (4) | i | iv | iii | ii |

44. প্রাচীন ভারতীয় ও মধ্য ভারতীয় আর্য থেকে ধ্বনি-পরিবর্তন জনিত কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল। প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

a. মধ্যভারতীয় আর্যের মতো প্রাচীন ভারতীয় আর্যেও অন্ত-ব্যঞ্জন লোপ ঘটত; নীচাৎ > নীচা।

b. সমীভবন-জনিত কারণে যুক্তব্যঞ্জনস্থিত 'র' এবং 'য়'-এর লোপ প্রাচীন ভারতীয় আর্যে লক্ষণীয়, অ-প্রগল্ভ > অ-পগল্ভ।

c. বৈদিকে স্বরাগম নেই।

d. বৈদিক সাহিত্যে স্বরমধ্যবর্তী 'টু' স্থানে 'তু'-এর আগম ঘটে; কুটুম্বক > কতুম্বক।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

Prepp
Your Personal Exams Guide

45. প্রথম তালিকায় কবিতার নাম এবং দ্বিতীয় তালিকায় কবির নাম দেওয়া হল । দুটি তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a. দুই স্বপ্ন | i. প্রেমেন্দ্র মিত্র |
| b. নতুন আলো | ii. জীবনানন্দ দাস |
| c. অবশেষে | iii. অমিয় চক্রবর্তী |
| d. জানা ও বোঝা | iv. মোহিতলাল মজুমদার |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iii | iv | ii | i |
| (2) | ii | i | iv | iii |
| (3) | i | iii | ii | iv |
| (4) | iv | ii | iii | i |

46. যতীন্দ্রনাথ সেনগুপ্তর 'মরুশিখা' কাব্যগ্রন্থের যে দুটি কবিতার পত্রিকায় প্রকাশকালে ভিন্ন নাম ছিল, সেই কবিতা দুটি হল :

(1) কাণ্ডারী ও নবপন্থা

(2) বিপদ ও মাটির মা

(3) রেলঘুম ও বাস্তু

(4) দুখবাদী ও ক্ষণিকের জাগরণ

Prepp Your Personal Exam Guide

Prepp
Your Personal Exams Guide

47. 'নতুন ইহুদী' নাটক থেকে প্রথম তালিকায় প্রদত্ত বক্তার সঙ্গে দ্বিতীয় তালিকায় উদ্ধৃত উক্তিগুলোর সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | মোহন | i. | ওইত মুখুইজ্যা বাড়ীরা মতি ব্যাপারীরে পুষ্করিণী বেইচা দিছে । |
| b. | মীর্জা | ii. | অষ্টপ্রহর আমারে ছাগইল্যা বল্‌দা কইরা টালাইতাছে – |
| c. | কেষ্ট | iii. | কিন্তু তরা যে লাফালাফি করতাছস; ব্যাপারটা কি - ক'ত ? |
| d. | দুইখ্যা | iv. | চিকিৎসা হইছে কিছু কিছু, তবে এইটা মনের অসুখ – |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | i | iv | iii |
| (2) | iii | iv | i | ii |
| (3) | iv | iii | i | ii |
| (4) | iv | ii | iii | i |

48. নীচের তালিকা দুটিতে জীবনানন্দের কয়েকটি কবিতার চরণ ও সেইসব কবিতার নাম দেওয়া হয়েছে । তালিকা দুটির মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্বাচন করুন :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | কলকাতা একদিন কল্লোলিনী তিলোত্তমা হবে । | i. | পথ হাঁটা |
| b. | বেবিলনে একা একা এমনই হেঁটেছি আমি । | ii. | সুদর্শনা |
| c. | মাটির অনেক নীচে চলে গেছে ? | iii. | সুচেতনা |
| d. | দেখেছি অমৃতসূর্য আছে । | iv. | তুমি |

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iii | i | iv | ii |
| (2) | iii | ii | i | iv |
| (3) | ii | i | iii | iv |
| (4) | iv | iii | ii | i |

49. নজরুলের 'সঞ্চিতা' অবলম্বনে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. 'সঞ্চিতা'র উপসর্গ-পত্রে আছে 'বিশ্বকবিসম্রাট শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর শ্রীশ্রীচরণারবিন্দেষু' ।

b. 'পথহারা' কবিতার প্রথম ছত্রটি হল, 'বেলা-শেষে উদাস পথিক ভাবে' ।

c. 'সিন্ধু' কবিতার শেষ ছত্রটি হল, 'তুমি শূন্য, আমি শূন্য, শূন্য চারিধার' ।

d. 'সর্বসহা সর্বহারা জননী আমার' – এই ছত্রটি লেখা হয়েছে মিসেস এম্ রহমান্-এর উদ্দেশে ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

50. সত্যেন্দ্রনাথ দত্তের 'কাব্য-সঞ্চয়ন' অবলম্বনে শুদ্ধ-অশুদ্ধ কয়েকটি মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. 'ঘরে ঘরে ভেজানো দুয়ার ।' – এটি 'গ্রীষ্মচিত্র' কবিতার শেষ ছত্র ।

b. 'কাব্য-সঞ্চয়ন' – এর প্রথম প্রকাশকাল 26 সেপ্টেম্বর 1930 খ্রিস্টাব্দ ।

c. 'চম্পা' কবিতার প্রথম দুটি স্তবক রবীন্দ্রনাথ ইংরেজিতে অনুবাদ করেছিলেন ।

d. 'আনন্দেরি স্বর্গে তুমি জ্ঞানের সিঁড়ি নিত্য হে ।' – 'আভ্যুদয়িক' কবিতার ছত্র ।

সংকেত :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

___________

Prepp
Your Personal Exams Guide

Space For Rough Work

Prepp Your Personal Exam Guide